

## বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ৫৯

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫. মোজার উপর মাসাহ - মোজার উপর মাসাহ করার পরিমাণ

আরবী

وَالْأَرْبَعَةَ عَنْهُ إِلَّا النَّسَائِيَّ: أَنَّ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مَسَحَ أَعْلَى الْخُفِّ  
وَأَسْفَلَهُ. وَفِي إِسْنَادِهِ ضَعْفٌ

ضعيف. رواه أبو داود (165)، والترمذي (97)، وابن ماجه (550) وله عدة علل، وقد  
ضعفه جمع كثير من الأئمة

বাংলা

৫৯. নাসায়ী ব্যতীত সুনান চতুষ্টয়ে (আবু দাউদ, তিরমিজি ও ইবনু মাজাহ) বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চামড়ার মোজার উপরে ও নীচের দিকে মাসাহ করেছিলেন। এটির সানাদ দুর্বল। [1]

## English

Narrated by Al-Arba'a except An-Nasa'i:

The Prophet (ﷺ) wiped over the upper part of the leather socks and the under part of it. [In its chain of narrators there is weakness].

ফুটনোট

[1] যঈফ। আবু দাউদ (১৬৫) তিরমিযী (৯৭), ইবনু মাজাহ (৫৫০); এ হাদীসে কয়েকটি ক্রটি আছে। সকল ইমাম এ হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম তিরমিযী তাঁর সুনানে (৯৭) ইমাম বুখারী একে বিশুদ্ধ নয় বলেছেন। এবং ইমাম তিরমিযী এ হাদীসটিতে ক্রটির কথা বলেছেন। ইমাম বাগাবী তাঁর আশ শারহুস সুন্নাহ (১/৩৩৩) গ্রন্থে বলেন, عن أبي زرعة و محمد بن اسماعيل ليس بصحيح, ইবনু কাসীর তার ইরশাদুল ফাকীহ (১/৪৬) গ্রন্থে

বলেন, এর সনদে বিচ্ছিন্নতা রয়েছে, হাদীসটি মুরসালরূপে বর্ণিত হয়েছে। মুহাদ্দিস আযীমাবাদী তাঁর গয়াতুল মাকসুদ (২/৫২) ও আওনুল মা'বুদ (১/১৪০) গ্রন্থে বলেন, এর সনদ দুর্বল। আবদুর রহমান মুবারকপুরী তাঁর তুহফাতুল আহওয়ামী (১/২৩৫) গ্রন্থে বলেন, এ হাদীসটির ব্যাপারে মুহাদ্দিসগণ বিতর্ক রয়েছে। ইবনু উসাইমীন তাঁর শরহে বুলুগুল মারাম (১/২২৪) গ্রন্থে, বিন বায তার হাশিয়া বুলুগুল মারাম (৯০) গ্রন্থে, শাইখ আলবানী যঈফ তিরমিযী (৯৭) ও যঈফ ইবনু মাজাহ (১০৮) গ্রন্থে একে দুর্বল বলেছেন। ইমাম বুখারী তার ইলালুল কাবীর (৫৬) গ্রন্থে বলেন, এ হাদীসটি সহীহ নয়। ইবনু আবদুল বার তার আল ইসতিযকার (১/২৬৯) গ্রন্থে বলেন, এর বর্ণনাকারী সাওর বিন যায়দ তিনি রাজা বিন হুওয়াই থেকে হাদীসটি শুনেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69870>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন